

১২ ডিসেম্বর মেডিকেল ভর্তি পরীক্ষা

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ০৬ অক্টোবর ২০২৫



দেশের সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১২ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। সোমবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক রুবীনা ইয়াসমীন বলেন, “আজ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় আগামী ১২ ডিসেম্বর এমবিবিএস ভর্তি পরীক্ষার দিন নির্ধারণ করা হয়েছে। আমরা সে অনুযায়ী প্রস্তুতি নিচ্ছি।”

সভায় উপস্থিত ছিলেন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক নাজমুল ইসলাম, বিএমডিসির সভাপতি মো. সাইফুল ইসলাম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের যুগ্ম-সচিব মল্লিকা খাতুন এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক অধ্যাপক ডা. মহিউদ্দিন মাতুব্বর।

বর্তমানে দেশে ৩৮টি সরকারি মেডিকেল কলেজে আসন সংখ্যা ৫ হাজার ৩৮০টি। এর মধ্যে নারায়ণগঞ্জ মেডিকেল কলেজের কার্যক্রম এখনো শুরু হয়নি। অন্যদিকে ৬৭টি বেসরকারি মেডিকেল কলেজে আসন রয়েছে ৬ হাজার ২৯৩টি।